গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
সমন্বয় ও মনিটরিং শাখা
www.mopme.gov.bd

**বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

গত ২৪ ডিসেম্বর ২০২০ তারিখ বৃহস্পতিবার বেলা ১১:০০ ঘটিকায় প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব জনাব গোলাম মোঃ হাসিবুল আলমের সভাপতিত্বে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোঃ জাকির হোসেন, এম.পি অনুগ্রহপূর্বক উপদেষ্টা হিসাবে এ সভায় উপস্থিত ছিলেন। সদয় হয়ে সভায় উপস্থিত থাকার জন্য মাননীয় প্রতিমন্ত্রীর প্রতি সর্বসম্মতিভাবে কৃতজ্ঞতা প্রকাশ করা হয়।

সভায় অংশগ্রহণকারী কর্মকর্তাগণের তালিকা "পরিশিষ্ট ক"-তে সন্নিবেশ করা হলো।

২.০ সভায় অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্মপরিকল্পনা সংক্রান্ত অনুষ্ঠিত সভার সকল কার্যবিবরণী অনুযায়ী বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনাপূর্বক বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | গৃহীত কর্মসূচির বিবরণ | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৩.১ | "প্রাথমিক শিক্ষা প্রাতিষ্ঠানিকীকরণে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অবদান" শীর্ষক সেমিনার আয়োজন। | স্বাস্থ্যবিধি ও সরকারি অনুশাসন মেনে গত ০৯ জানুয়ারি ২০২০ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী সেমিনার আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। ডিজি, ডিপিই।<br>২। অতিরিক্ত সচিব (বিদ্যালয়), প্রাগম। |
| ৩.২ | জাঁকজমকপূর্ণভাবে ঢাকায় বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট এবং বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয়ে ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলার আয়োজন করা হবে। | কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় এনে বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট এবং বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয়ে ফুটবল টুর্নামেন্ট-২০১৯ আয়োজন করতে হবে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে এ টুর্নামেন্ট জাঁকজমকপূর্ণভাবে আয়োজন করা হবে। | ১। ডিজি, ডিপিই।<br>২। অতিরিক্ত সচিব (বিদ্যালয়), প্রাগম।<br>৩। অতিরিক্ত সচিব (প্রশাসন), প্রাগম। |
| ৩.৩ | বিপুল উৎসাহ ও উদ্দীপনার মাধ্যমে এবং বঙ্গবন্ধুর শিক্ষা বিষয়ক অবদানের উপর বিশেষ গুরুত্বারোপ করে জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ পালন করা হবে। | (১) কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় এনে আগামী মার্চ অথবা এপ্রিল ২০২১ মাসে জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ পালন করা হবে এবং জাতীয় প্রাথমিক শিক্ষা পদক-২০১৯ প্রদান করা হবে।<br>(২) কোভিড-১৯ অবস্থার পরিপ্রেক্ষিতে সরকারি নির্দেশ অনুযায়ী প্রয়োজনে অনলাইনে জাতীয় শিক্ষা সপ্তাহ-২০১৯ এর আয়োজন করা হবে। | ১। ডিজি, ডিপিই।<br>২। অতিরিক্ত সচিব (বিদ্যালয়), প্রাগম।<br>৩। অতিরিক্ত সচিব (প্রশাসন), প্রাগম। |
| ৩.৪ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপন করা হবে। | কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় যথারীতি আগামী ০৮ সেপ্টেম্বর ২০২১ তারিখে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উদযাপনের প্রস্তুতি গ্রহণ করতে হবে। | ১। ডিজি, বিএনএফই।<br>২। অতিরিক্ত সচিব (উন্নয়ন), প্রাগম। |
| ৩.৫ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে বই বিতরণ অনুষ্ঠান আয়োজন করা হবে। | মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ অংশগ্রহণে ৩১ ডিসেম্বর ২০২০ তারিখে বই বিতরণ কার্যক্রমের শুভ উদ্বোধন অনুষ্ঠান আয়োজন করা হবে। | ১। ডিজি, ডিপিই।<br>২। অতিরিক্ত সচিব (বিদ্যালয়), প্রাগম।<br>৩। অতিরিক্ত সচিব (প্রশাসন), প্রাগম। |

| ক্রমিক | গৃহীত কর্মসূচির বিবরণ | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৩.৬ | ‘মুজিববর্ষ’ ব্যাপী প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে বঙ্গবন্ধু এবং মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক বিভিন্ন সময়ে গৃহীত যুগান্তকারী ও ঐতিহাসিক কর্মসূচি এবং অর্জনসমূহের আলোকে উপজেলা, জেলা, বিভাগ এবং জাতীয় পর্যায়ে সেমিনার/সিম্পোজিয়াম আয়োজন করা হবে। | কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় উপজেলা, জেলা, বিভাগ এবং জাতীয় পর্যায়ে সেমিনার/সিম্পোজিয়াম আয়োজন করা হবে। | ১। ডিজি, ডিপিই।<br>২। অতিরিক্ত সচিব (বিদ্যালয়), প্রাগম। |
| ৩.৭ | ‘মুজিববর্ষ’ ব্যাপী উপজেলা, জেলা, বিভাগ পর্যায়ে মা-সমাবেশ আয়োজনের বিষয়ে সদয় অনুমোদন গ্রহণের ব্যবস্থা নেয়া হবে। | কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় উপজেলা, জেলা, বিভাগ পর্যায়ে মা-সমাবেশ আয়োজন এবং ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে অনুষ্ঠেয় সমাবেশের কর্মপরিকল্পনা প্রস্তুত করতে হবে। | ১। ডিজি, ডিপিই।<br>২। অতিরিক্ত সচিব (বিদ্যালয়), প্রাগম। |
| ৩.৮ | ‘মুজিববর্ষ’ ব্যাপী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে স্থাপিত ‘বঙ্গবন্ধু বুক কর্নার’ কার্যকর করা হবে এবং বঙ্গবন্ধুর জীবন আদর্শের উপর শিশু কিশোরদের উপযোগী সিআরআইসহ অন্যান্য প্রকাশনা প্রতিষ্ঠানের প্রকাশিত বই সংরক্ষণ ও ব্যবহার নিশ্চিত করার বিষয়টি বিবেচনা করা হবে। | নির্বাচনী ইশতেহার ২০১৮ অনুযায়ী প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রণীত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। “বঙ্গবন্ধু” নামে বুক কর্নার স্থাপনের বিষয়ে “বঙ্গবন্ধু মেমোরিয়াল ট্রাস্ট”-এর অনুমোদন গ্রহণ করতে হবে। | ১। ডিজি, ডিপিই।<br>২। অতিরিক্ত সচিব (বিদ্যালয়), প্রাগম।<br>৩। অতিরিক্ত সচিব (উন্নয়ন), প্রাগম। |
| ৩.৯ | ‘মুজিববর্ষ’ উপলক্ষে সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গনে শহীদ মিনার স্থাপনের ব্যবস্থা গ্রহণ করা হবে। | ‘মুজিব বর্ষ’ উপলক্ষে নির্বাচনী ইশতেহার ২০১৮ অনুযায়ী প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রণীত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা অনুযায়ী প্রয়োজনমাফিক বিদ্যালয় প্রাঙ্গনে শহীদ মিনার নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। ডিজি, ডিপিই।<br>২। অতিরিক্ত সচিব (উন্নয়ন), প্রাগম। |
| ৩.১০ | ‘মুজিববর্ষ’ উপলক্ষে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ‘স্টুডেন্টস কাউন্সিল’-কে সম্পৃক্ত করে সাংস্কৃতিক অনুষ্ঠান, চিত্রাঙ্কন প্রতিযোগিতা ইত্যাদি আয়োজন করা হবে। | কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ‘স্টুডেন্টস কাউন্সিল’-কে সম্পৃক্ত করে সাংস্কৃতিক অনুষ্ঠান, চিত্রাঙ্কন প্রতিযোগিতা ইত্যাদি আয়োজন করতে হবে। | ১। ডিজি, ডিপিই।<br>২। অতিরিক্ত সচিব (বিদ্যালয়), প্রাগম। |
| ৩.১১ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে স্থানীয় প্রশাসনের সার্বিক সমন্বয় সাধন করে র‍্যালির আয়োজন করা হবে। | কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় বিষয়টি আলোচ্যসূচি থেকে বাদ দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | -- |
| ৩.১২ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে প্রাথমিক শিক্ষার সাথে সংশ্লিষ্ট শিক্ষক, কর্মচারী এবং কর্মকর্তাদের সমন্বয়ে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জাতীয় পর্যায়ে সমাবেশের আয়োজন করা হবে। উক্ত সমাবেশে মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ উপস্থিতির জন্য তাঁর সমীপে প্রস্তাব প্রেরণ করা হবে। | কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় বিষয়টি আলোচ্যসূচি থেকে বাদ দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | -- |
| ৩.১৩ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে মন্ত্রণালয়ের ওয়েবসাইটে স্বতন্ত্র পেইজ তৈরি করা হবে। | এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে তৈরিকৃত স্বতন্ত্র পেইজ যথাযথভাবে কার্যকর করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন), প্রাগম। |
| ৩.১৪ | ‘মুজিববর্ষ’ উপলক্ষে ২১ লক্ষ নিরক্ষরকে সাক্ষরতা দান করা হবে। | মৌলিক সাক্ষরতা প্রকল্পের মেয়াদকালের মধ্যেই ২১ লক্ষ নিরক্ষরকে সাক্ষরতা দানের কার্যক্রম সম্পন্ন করতে হবে। | ডিজি, বিএনএফই। |

| ক্রমিক | গৃহীত কর্মসূচির বিবরণ | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৩.১৫ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে ৩য় ও ৫ম শ্রেণির সকল শিক্ষার্থীর বাংলা পঠন দক্ষতা শতভাগে উন্নীত করার ব্যবস্থা গ্রহণ করা হবে। | কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় বিষয়টি আলোচ্যসূচি থেকে বাদ দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | -- |
| ৩.১৬ | 'মুজিব বর্ষ' উপলক্ষে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক বিস্তারিতভাবে বার্ষিক প্রতিবেদন প্রকাশ করা হবে। | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন যথাসময়ে আবশ্যিকভাবে প্রকাশ করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন), প্রাগম। |
| ৩.১৭ | 'মুজিববর্ষ' উপলক্ষে বাংলাদেশের প্রাথমিক শিক্ষার অর্জনসমূহ আন্তর্জাতিক অঙ্গনে তুলে ধরতে ঢাকায় একটি আন্তর্জাতিক সেমিনার আয়োজন করা হবে। | কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় বিষয়টি আলোচ্যসূচি থেকে বাদ দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | -- |
| ৩.১৮ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে চলমান স্কুল ফিডিং প্রোগ্রামকে সারাদেশে চালুর ব্যবস্থা গ্রহণ করা হবে। | চলমান স্কুল ফিডিং প্রোগ্রামকে সারাদেশে পর্যায়ক্রমে চালুর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। ডিজি, ডিপিই।<br>২। পিডি, স্কুল ফিডিং কর্মসূচি। |
| ৩.১৯ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে বঙ্গবন্ধুর ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণসহ প্রাথমিক শিক্ষা সংশ্লিষ্ট বিষয়ের উপর সকল প্রাথমিক বিদ্যালয়ে রচনা প্রতিযোগিতার আয়োজন করা হবে। | এ বিষয়ে সরকারি সিদ্ধান্ত অনুযায়ী পৃথকভাবে কার্যক্রম গ্রহণ করা হবে বিধায় বিষয়টি আলোচ্যসূচি থেকে বাদ দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | -- |
| ৩.২০ | বিবিধ। | সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়নকারীগণ আগামী ৭ কর্মদিবসের মধ্যে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন করে বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য জানুয়ারি ২০২১ মাসে একটি সভার আয়োজন করবেন। | ১। ডিজি, ডিপিই।<br>২। ডিজি, বিএনএফই।<br>৩। অতিরিক্ত সচিব (বিদ্যালয়), প্রাগম।<br>৪। অতিরিক্ত সচিব (প্রশাসন), প্রাগম।<br>৫। অতিরিক্ত সচিব (উন্নয়ন), প্রাগম।<br>৬। পিডি, স্কুল ফিডিং কর্মসূচি। |

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
০৭.০১.২০২১

গোলাম মোঃ হাসিবুল আলম
সচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।

নং- ৩৮.০০.০০০০.০০৫.০৬.০০২.১৯(অংশ-১).১২

তারিখ: ২৬ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ
১০ জানুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ

**অনুলিপি**-সদয় কার্যার্থে ও জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মহাপরিচালক (গ্রেড-১), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো/ বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট/ জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ), ময়মনসিংহ।
৪. প্রকল্প পরিচালক, দারিদ্রপীড়িত এলাকায় স্কুল ফিডিং প্রকল্প, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা।
৫. পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ভবন, মিরপুর-২, ঢাকা-১২১৬।
৬. যুগ্মসচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. উপসচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. সিস্টেম এনালিস্ট, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. সিনিয়র সহকারী সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. প্রোগ্রামার/ মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. মাননীয় প্রতিমন্ত্রীর সহকারী একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. সহকারী সচিব (সকল)/ পরিসংখ্যান কর্মকর্তা/ হিসাবরক্ষণ কর্মকর্তা/ সহকারী প্রোগ্রামার/ লাইব্রেরিয়ান/ জনসংযোগ কর্মকর্তা/ সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. প্রশাসনিক কর্মকর্তা, সমন্বয় ও মনিটরিং শাখা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ের কর্মকর্তাবৃন্দ ও সকল মহাপরিচালক/ দপ্তর প্রধানের ওয়েব মেইলে প্রেরণের জন্য অনুরোধ করা হলো) ।
১৬. অফিস কপি।

১০.১.২১

(মোহাম্মদ আশরাফুল আলম খান)
উপসচিব
ফোন: ০২-৯৫৬৫৭৭৭